

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সেবা প্রদান প্রতিশুভি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমের আওতায় সেবা প্রদান প্রতিশুভি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমষ্টিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. মাহিদ রশীদ, মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
সভার তারিখ	:	১১ সেপ্টেম্বর, ২০২২
সময়	:	বেলা ১২.০০ টা
সভার স্থান	:	বোর্ড এর সভা কক্ষ।
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন ব্যক্তি) সেবাপ্রদান প্রক্রিয়াকে সেবাগ্রহীতার কাছে সহজ ও সহজ করার লক্ষ্যে সকল কার্যালয়ের সুস্পষ্ট ও হালনাগাদ নিয়ন্ত্রণ চার্ট দ্বারা থাকা আবশ্যিক। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত
০১.	প্রত্যেক বিভাগের ওয়েবসাইটের সিটিজেন্স চার্টার হালনাগাদের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বিভাগীয় কার্যালয়সমূহে ত্রৈমাসিক ভিত্তিতে নিয়ন্ত্রণ চার্টের হালনাগাদের সিদ্ধান্ত গৃহীত হয়।
০২.	সিটিজেন্স চার্টারের সেবাবক্ত্বে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন আছে কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সকল কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন্স চার্টারের সেবাবক্ত্বে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়মিত হালনাগাদকরণ ও ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন নিয়মিত সহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩.	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক, ওয়েবসাইটে সেবাপ্রাপ্তির নির্দিষ্ট স্থান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তথ্য সংযুক্ত করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	(ক) সেবা প্রহরের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক উল্লেখ করতে হবে এবং এইচটিএমএল লিংকে সংশ্লিষ্ট ফর্মটি সিটিজেন্স চার্টার এর নির্দিষ্ট অংশে সরবরাহ করতে হবে। (খ) সেবাপ্রাপ্তির জন্য কোন ওয়েবসাইটে প্রবেশের প্রয়োজন হলে সেক্ষেত্রে ওয়েবসাইটের নাম এবং উক্ত ওয়েবসাইটে সেবাপ্রাপ্তির নির্দিষ্ট স্থান উল্লেখ করতে হবে। (গ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েব পোর্টালগুলোতে কর্মকর্তাদের নাম ও পদবি অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তার সংযোজন বা বিয়োজন হলে ওয়েবসাইটে দ্রুত নাম পরিবর্তন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

স্বা/-
(ড. মাহিদ রশীদ)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড